অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2026 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: নিউ ইয়র্ক স্টেট জুড়ে বন্দুক সহিংসতা কমাতে এবং জীবন বাঁচাতে কাজ করে এমন কমিউনিটি আউটরিচ প্রোগ্রামগুলোর জন্য গভর্নর হোকল প্রায় 21 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা করেছেন

14টি কমিউনিটিতে সহিংসতা প্রতিরোধ এবং পরিষেবা ও সহায়তা প্রদান করা SNUG স্ট্রিট আউটরিচ, কেস ম্যানেজমেন্ট এবং সোশ্যাল ওয়ার্ক টিমগুলোকে সহায়তা করার জন্য কমিউনিটি-ভিত্তিক সংস্থা এবং হাসপাতালগুলো এসব অনুদান পেয়েছে

নিউ ইয়র্ক স্টেট জুড়ে বন্দুক সহিংসতা রেকর্ড পরিমাণ কমে আসার বিষয়ে গভর্নর হোকলের সাম্প্রতিক রিপোর্টের পর এই ঘোষণাটি এসেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ SNUG Street Outreach প্রোগ্রামগুলোকে সহায়তা করার জন্য প্রায় 21 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন। এটি সহিংসতা প্রতিরোধ করার একটি প্রমাণিত উদ্যোগ যা নিউ ইয়র্ক স্টেটের 14টি কমিউনিটিতে বন্দুক সহিংসতা কমাতে এবং জীবন বাঁচাতে কাজ করে। এসব অনুদান কমিউনিটি-ভিত্তিক সংস্থা এবং হাসপাতালগুলোকে আউটরিচ কর্মী, হাসপাতাল রেসপন্ডার, সোশ্যাল ওয়ার্কার এবং কেস ম্যানেজার নিয়োগের সুযোগ দেয়। এই কর্মীরা নির্ভরযোগ্য বার্তাবাহক হয়ে থাকেন এবং বন্দুক সহিংসতার সর্বোচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সাথে কাজ করার মাধ্যমে তাদের ক্ষতির চক্র বন্ধ করা, সুস্থ হয়ে উঠা দ্রুততর করা এবং সুযোগ-সুবিধা বাড়ানোর জন্য তাদেরকে সহায়তা ও পরিষেবার সাথে সংযুক্ত করে থাকেন।

"আমি SNUG এবং কমিউনিটি-ভিত্তিক অংশীদারদের উপর বিনিয়োগ অব্যাহত রাখতে পেরে গর্বিত যারা প্রতিদিন এই জীবন বাঁচানোর কাজ করে চলেছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন**। "SNUG পাড়াগুলোকে নিরাপদ রাখতে সাহায্য করছে, সহিংসতার পরে পরিবারগুলোকে সহায়তা করছে এবং তরুণদের উন্নতির জন্য সত্যিকারের সুযোগ তৈরি করছে। এই দলগুলো নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলোতে একটি অর্থবহ পরিবর্তন আনছে এবং আমরা সেই অগ্রগতির ধারা অব্যাহত রাখব।"

অর্থায়নের ঘোষণাটি গভর্নর Hochul (হোকল)-এর সাম্প্রতিক রিপোর্টের পরে এসেছে যে 2025 সালে নিউ ইয়র্ক স্টেট জুড়ে বন্দুক সহিংসতার মাত্রা রেকর্ড পরিমাণ কম ছিল। এই মাসের শুরুতে প্রকাশিত তথ্য দেখায় যে স্টেটের গান ইনভলভড ভায়োলেন্স এলিমিনেশন (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী 28টি পুলিশ বিভাগ 2025 সালে আঘাতসহ 491টি গুলিবর্ষণের ঘটনা রিপোর্ট করেছে, যা 2006 সালে স্টেটের এই মেট্রিক ট্র্যাক করা শুরু করার পর থেকে সর্বনিম্ন। গভর্নরের 2027 অর্থবছরের নির্বাহী বাজেট প্রস্তাবে

SNUG এবং বন্দুক সহিংসতা প্রতিরোধের অন্যান্য উদ্যোগের জন্য অভূতপূর্ব সমর্থন বজায় রাখা হয়েছে। এগুলো সেসব কমিউনিটিতে দেওয়া হচ্ছে যেখানে আগ্নেয়াস্ত্রের মাধ্যমে ঘটা সহিংস অপরাধের প্রায় 90 শতাংশ এবং নিউ ইয়র্ক সিটির বাইরে হওয়া সহিংস অপরাধের 85 শতাংশ ঘটে থাকে।

2024 সালের তুলনায় গত বছর আঘাতসহ গুলির ঘটনা 16 শতাংশ কমেছে। গুলিবিদ্ধ ব্যক্তির সংখ্যা 2024 সালের 723 থেকে 22 শতাংশ কমে 2025 সালে 566 হয়েছে। অন্যদিকে বন্দুক সহিংসতায় প্রাণহানি 23 শতাংশ কমে 116 থেকে 89-এ নেমে এসেছে।

স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) দ্বারা পরিচালিত SNUG হলো বন্দুক সহিংসতা এবং অন্যান্য অপরাধের কারণ ও ফলাফল মোকাবেলায় গভর্নর Hochul (হোকল)-এর ব্যাপক পরিকল্পনার একটি মূল উপাদান। যে পরিকল্পনায় এটির পাশাপাশি GIVE উদ্যোগ, স্টেটের জাতীয়ভাবে স্বীকৃত ক্রাইম অ্যানালাইসিস সেন্টারস নেটওয়ার্ক (Crime Analysis Centers Network) এবং প্রজেক্ট RISE (সাড়াদান, বিনিয়োগ, রক্ষণাবেক্ষণ, ক্ষমতায়ন) অন্তর্ভুক্ত রয়েছে। বন্দুক সহিংসতা মোকাবেলায় SNUG Street Outreach প্রোগ্রাম জনস্বাস্থ্য রক্ষার একটি পদ্ধতি ব্যবহার করে থাকে, যেখানে সংঘাতের উৎস চিহ্নিত করা হয়, সহিংসতার বিস্তার থামানো হয় এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তি, পরিবার ও কমিউনিটিকে সহায়তা দেওয়া হয়।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "SNUG সহিংসতা ঘটার আগেই তা প্রতিরোধ করতে এবং ঘটলে তা কাটিয়ে উঠতে কমিউনিটিগুলোকে সাহায্য করছে। এই কাজটি নিউ ইয়র্ক জুড়ে পাড়াগুলোকে শক্তিশালী করছে, আস্থা ফিরিয়ে আনছে এবং পরিবারগুলোর জন্য আরো বেশি নিরাপদ ভবিষ্যত তৈরি করছে এবং কমিউনিটি-ভিত্তিক সহিংসতা প্রতিরোধের ক্ষেত্রে তার অব্যাহত নেতৃত্ব এবং বিনিয়োগের জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞ।"

2026 সালে কমিউনিটি-ভিত্তিক সংস্থা ও হাসপাতালগুলো কর্মী, কর্মসূচি, পরিষেবা, সরঞ্জাম ও প্রযুক্তির অর্থায়নের জন্য 20.9 মিলিয়ন ডলার পাবে। SNUG-তে 176 জন পূর্ণকালীন এবং 46 জন খণ্ডকালীন কর্মী রয়েছে যারা আলবানি, ব্রঙ্কস, বাফেলো, হেম্পস্টেড, মাউন্ট ভার্নন, নিউবার্গ, নায়াগ্রা ফলস, পোকেপসি, সিরাকিউজ, রচেস্টার, ট্রয়, ইউটিকা, ওয়াইনড্যাঞ্চ ও ইয়ঙ্কার্সের নির্দিষ্ট পাড়াগুলোতে কাজ করেন। DCJS এসব "SNUG জোনের" গোলাগুলির ডাটা ট্র্যাক করে এবং 2024 সালের তুলনায় গত বছরে এসব জোনে সমষ্টিগতভাবে গোলাগুলির শিকার হওয়া ভুক্তভোগী, বন্দুক সহিংসতায় নিহত ব্যক্তি এবং আঘাতসহ গোলাগুলির ঘটনা দুই অঙ্কের সংখ্যার উল্লেখযোগ্য পরিমাণে কমে গেছে বলে রিপোর্ট করা হয়েছে।

SNUG আউটরিচ কর্মী, সোশ্যাল ওয়ার্কার, কেস ম্যানেজার এবং হাসপাতাল রেসপন্ডাররা বন্দুক সহিংসতায় অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত পাড়াগুলোতে পরিষেবা প্রদান করে এবং সহিংসতা পরবর্তী পরিস্থিতিতে ব্যক্তি ও পরিবারকে সহায়তা করতে এবং তাদেরকে নিজেদের কমিউনিটির চলমান পরিষেবাগুলোর সাথে সংযুক্ত করতে আলবানি, বাফেলো, ব্রঙ্কস ও রচেস্টারের ট্রমা সেন্টারগুলোতে নিযুক্ত থাকেন।

SNUG কর্মীরা হলেন নির্ভরযোগ্য বার্তাবাহক যারা তারা যে কমিউনিটিগুলোতে কাজ করেন সেখানেই বসবাস করেন, যাদের অনেকেরই সহিংসতার বাস্তব অভিজ্ঞতা রয়েছে। তারা দ্বন্দ্ব নিরসন করতে, গোলাগুলির পরে প্রতিশোধ প্রতিরোধ করতে, পরিবারগুলোকে সহায়তা করতে এবং অংশগ্রহণকারীদের শিক্ষা, কর্মসংস্থান এবং অন্যান্য পরিষেবার সাথে সংযুক্ত করতে কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্কদের সাথে কাজ করেন। প্রোগ্রামগুলো সহিংসতা-বিরোধী ইভেন্ট, জব ফেয়ার এবং নিরাপত্তা ও নিরাময়ের প্রসার ঘটায় এমন অন্যান্য পাড়াভিত্তিক কার্যক্রম আয়োজন করতে কমিউনিটি ও ধর্মীয় নেতৃবৃন্দ এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সাথেও অংশীদারিত্ব করে।

নিম্নলিখিত সংস্থা ও হাসপাতালগুলো SNUG প্রোগ্রামগুলো পরিচালনার জন্য DCJS-এর কাছ থেকে অর্থায়ন ও সহায়তা পাবে:

নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড

- ব্রঙ্কস – Jacobi Medical Center: $2,781,137
- হেম্পস্টেড – ফ্যামিলি অ্যান্ড চিলড্রেন'স অ্যাসোসিয়েশন (Family and Children’s Association): $1,190,580
- ওয়াইনড্যাঞ্চ – ইকোনমিক অপরচুনিটি কাউন্সিল অফ সাফোক (Economic Opportunity Council of Suffolk): $762,683

হাডসন ভ্যালি

- মাউন্ট ভার্নন – ফ্যামিলি সার্ভিসেস অফ ওয়েস্টচেস্টার (Family Services of Westchester): $1,109,075
- নিউবার্গ – রিজিওনাল ইকোনমিক কমিউনিটি অ্যাকশন প্ল্যান (Regional Economic Community Action Plan): $917,953
- পোকেপসি – ফ্যামিলি সার্ভিসেস ইনকর্পোরেটেড (Family Services Inc.): $1,101,943
- ইয়ঙ্কার্স – ইয়ঙ্কার্স YMCA (Yonkers YMCA): $941,123
- ওয়েস্টচেস্টার মেডিকেল সেন্টার (Westchester Medical Center): $250,000

রাজধানী অঞ্চল

- আলবানি – ট্রিনিটি অ্যালায়েন্স অফ দ্য ক্যাপিটাল রিজিয়ন (Trinity Alliance of the Capital Region): $1,863,270 এবং Albany Medical Center: $267,315
- ট্রয় – ট্রিনিটি অ্যালায়েন্স অফ দ্য ক্যাপিটাল রিজিয়ন: $887,017

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- সিরাকিউজ – পাথস্টোন কর্প (PathStone Corp): $1,820,189

মোহক ভ্যালি

- ইউটিকা – ইন্টিগ্রেটেড কমিউনিটি অল্টারনেটিভস নেটওয়ার্ক (Integrated Community Alternatives Network): $813,610

ফিঙ্গার লেকস

- রচেস্টার – পাথস্টোন কর্প.: $2,039,184 এবং Rochester General Hospital: $580,930

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- বাফেলো – Erie County Medical Center: $2,864,635
- নায়াগ্রা ফলস – কমিউনিটি মিশনস অফ নায়াগ্রা ফ্রন্টিয়ার (Community Missions of Niagara Frontier): $694,280

সমন্বিত প্রশিক্ষণ, সাইট ভিজিট এবং DCJS-এর তরফ থেকে পাওয়া সহায়তা SNUG-কে স্টেট ও দেশজুড়ে অন্যান্য কমিউনিটিভিত্তিক সহিংসতা প্রতিহতকারী কর্মসূচি থেকে আলাদা করে তুলেছে। নতুন কর্মীদেরকে অবশ্যই 40 ঘণ্টার প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং নতুন সুপারভাইজারদের 32 ঘণ্টার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করতে হয়। এছাড়াও প্রত্যেক কর্মীকে অবশ্যই প্রতি বছর 40 ঘণ্টার পেশাগত উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করতে হয়। এই চলমান প্রশিক্ষণ ও সহায়তা এই বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করে যে বিভিন্ন কমিউনিটিভিত্তিক সংস্থা ও হাসপাতাল দ্বারা পরিচালিত হওয়া সত্ত্বেও সব SNUG সাইটে এই কর্মসূচি সঙ্গতিপূর্ণভাবে পরিচালনা করা হয়।

সিনেট মেজরিটি লিডার Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স) বলেছেন, "যখন আমরা প্রথম SNUG চালু করি, তখন এটি এই বিশ্বাসের ওপর ভিত্তি করে ছিল যে কমিউনিটি চালিত, প্রমাণ-ভিত্তিক সমাধানগুলো বন্দুক সহিংসতা শুরু হওয়ার আগেই বন্ধ করার চাবিকাঠি। তারপর থেকে, আমরা দেখে আসছি যে প্রতিরোধের জন্য ধারাবাহিক সমর্থন কাজ করে। আমি বিশেষভাবে গর্বিত যে ইয়ঙ্কার্স YMCA এবং Westchester Medical Center, যেগুলো উভয়ই আমার ডিস্ট্রিক্টে অবস্থিত, সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য আউটরিচ, হাসপাতালের সাড়াদান কার্যক্রম এবং দীর্ঘমেয়াদী সহায়তা শক্তিশালী করতে এই গুরুত্বপূর্ণ অর্থায়ন পাচ্ছে। মেজরিটি লিডার হিসেবে, আমি SNUG-র মতো কৌশলগুলো টিকিয়ে রাখতে প্রতিশ্রুতিবদ্ধ যা স্টেট জুড়ে বন্দুক সহিংসতা রেকর্ড পরিমাণ কমিয়ে আনতে অবদান রেখেছে। বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে তাদের অব্যাহত নেতৃত্ব ও অংশীদারিত্বের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে, সিনেটে আমার সহকর্মীদের এবং অ্যাসেম্বলিতে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

স্টেট সিনেটর Monica R. Martinez (মনিকা আর. মার্টিনেজ) বলেছেন, "বন্দুক সহিংসতা নিউ ইয়র্কবাসীদের জীবন কেড়ে নেয় এবং আমাদের কমিউনিটির মধ্যে ভয় জাগিয়ে তোলে। SNUG Street Outreach প্রোগ্রাম একটি প্রমাণিত হাতিয়ার যা ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের সম্পৃক্ত করার মাধ্যমে এবং তাদের একটি ভিন্ন পথ বেছে নেওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে এই বিধ্বংসী ট্র্যাজেডিগুলোকে প্রতিরোধ করে। ইকোনমিক অপরচুনিটি কাউন্সিল অফ সাফোক-এর জন্য পৌনে এক মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ সহ এই অর্থায়ন লং আইল্যান্ডকে নিরাপদ রাখবে।"

স্টেট সিনেটর Nathalia Fernandez (নাথালিয়া ফার্নান্দেজ) বলেছেন, "SNUG-র মতো প্রোগ্রামগুলো আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে বন্দুক সহিংসতা প্রতিরোধ করা এবং নিরাপদ ভবিষ্যৎ গড়ে তোলার জন্য সরঞ্জাম, সহায়তা এবং নির্দেশনা প্রদানের জন্য প্রমাণিত। কমিউনিটি-ভিত্তিক হস্তক্ষেপে বিনিয়োগের মাধ্যমে, নিউ ইয়র্ক প্রমাণ ও সহমর্মিতার সাথে নেতৃত্ব প্রদান অব্যাহত রেখেছে। স্মার্ট পাবলিক সেফটি এমনই হয়।"

স্টেট সিনেটর Patricia Fahy (প্যাট্রিসিয়া ফাহি) বলেছেন, "SNUG-র মতো প্রমাণ-ভিত্তিক কর্মসূচি এবং মাঠ পর্যায়ের সম্পদে বিনিয়োগ করাই হলো সেই উপায় যার মাধ্যমে আমরা আমাদের কমিউনিটিতে বন্দুক সহিংসতার অভিশাপ অব্যাহতভাবে মোকাবেলা করে চলেছি। আইন প্রয়োগকারী সংস্থার সাথে অংশীদারিত্ব, ট্রিনিটি অ্যালায়েন্স অফ দ্য ক্যাপিটাল রিজিয়ন-এর মতো সহিংসতার চক্রে কমিউনিটি-ভিত্তিক বাধা প্রদানকারী এবং এই উদ্যোগগুলোতে অর্থায়নের জন্য স্টেটের প্রতিশ্রুতি বৃদ্ধি করার কারণেই আমরা স্টেট জুড়ে কমিউনিটিগুলোতে বন্দুক সহিংসতার হার কমতে দেখছি, যার মধ্যে আলবানিও রয়েছে, যেখানে গত বছরের শেষে GIVE-এর আওতাধীন নিউ ইয়র্ক স্টেটের যেকোনো এলাকার চেয়ে বন্দুক সহিংসতা সবচেয়ে বেশি কমতে দেখা গেছে। সব জায়গার নিউ ইয়র্কবাসীরা যাতে আমাদের রাস্তায় নিরাপদ বোধ করে তা নিশ্চিত করতে এবং নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতার মহামারী দূর করার লক্ষ্যে কাজ করার জন্য গভর্নর Hochul (হোকল)-কে এবং আমার আইনসভার সহকর্মীদের আবারও ধন্যবাদ জানাই।"

স্টেট সিনেটর April N.M. Baskin (এপ্রিল এন.এম. বাস্কিন) বলেছেন, "এই বিনিয়োগ এটি স্পষ্টভাবে মনে করিয়ে দেয় যে যখন আমরা নির্ভরযোগ্য বার্তাবাহক এবং তৃণমূল অংশীদারদের অবস্থার উন্নতি করি, তখন আমরা জীবন বাঁচাই। SNUG আউটরিচ কর্মী, সোশ্যাল ওয়ার্কার এবং হাসপাতাল রেসপন্ডাররা প্রতিদিন সহিংসতায় বাধা দিতে, তরুণদের জন্য সুযোগের দরজা খুলতে এবং পরিবারগুলোকে নিরাময়ে সহায়তা করতে নিয়োজিত আছেন। গভর্নর Hochul (হোকল)-এর প্রায় 21 মিলিয়ন ডলারের প্রতিশ্রুতি সেই প্রমাণিত কৌশলগুলোকে শক্তিশালী করে যা আমাদের স্টেট জুড়ে বন্দুক সহিংসতাকে রেকর্ড-পরিমাণে কমিয়ে এনেছে। এই অর্থায়ন নিশ্চিত করে যে বাফেলো এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিগুলোর কাছে সবার জন্য আরো নিরাপদ, শক্তিশালী পাড়া গড়ে তোলার সরঞ্জাম, সম্পদ এবং অতিরিক্ত সহায়তা রয়েছে।"

স্টেট সিনেটর Joseph Griffo (জোসেফ গ্রিফো) বলেছেন, "স্টেটে বন্দুক সহিংসতা মোকাবেলা এবং কমানোর উপায়গুলো খুঁজতে থাকা আমাদের জন্য অপরিহার্য। এই অর্থায়ন এই শহর ও অঞ্চলে জননিরাপত্তা বৃদ্ধি করবে এমন বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিষেবা ও সংস্থানকে সমর্থন করার মাধ্যমে ইউটিকাতে SNUG প্রোগ্রামকে শক্তিশালী করবে।"

স্টেট সিনেটর Rob Rolison (রব রলিসন) বলেছেন, "নিউবার্গের রিজিওনাল ইকোনমিক কমিউনিটি অ্যাকশন প্ল্যান এবং পোকেপসির ফ্যামিলি সার্ভিসেস জীবন রক্ষাকারী কাজ করছে — তারা ব্যক্তিদের গুরুত্বপূর্ণ সহায়তার সাথে সংযুক্ত করছে এবং আমাদের কমিউনিটিগুলোতে বন্দুক সহিংসতা সক্রিয়ভাবে কমিয়ে আনছে। আমাদের পাড়াগুলোকে নিরাপদ রাখতে এবং জীবন বাঁচাতে প্রতিদিন কাজ করে যাওয়া নিবেদিতপ্রাণ কমিউনিটি অংশীদারদের প্রতি আমি গভীরভাবে কৃতজ্ঞ। এই অর্থায়ন তাদের লক্ষ্যকে ব্যাপকভাবে শক্তিশালী করবে এবং এই গুরুত্বপূর্ণ কাজটি যেন একটি অব্যাহত স্থায়ী প্রভাব রেখে যায় তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

স্টেট সিনেটর Jacob Ashby (জ্যাকব অ্যাশবি) বলেছেন, "ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদেরকে বন্দুক সহিংসতার অভিশাপে আটকে পড়ার আগেই তাদের জীবন পরিবর্তন করতে সহায়তা করতে পারে এমন উৎপাদনশীল পরিষেবাগুলোর সাথে যুক্ত করার ব্যাপারে আমি অব্যাহতভাবে সমর্থন জানিয়ে এসেছি। আমি ট্রয়-এর ট্রিনিটি অ্যালায়েন্স-এ এই সম্পদগুলো পৌঁছে দেওয়ার জন্য দলমতের ঊর্ধ্বে কাজ করতে পেরে খুশি হয়েছি এবং আমি জননিরাপত্তা প্রচার করে, আমাদের আইন প্রয়োগকারী সংস্থাকে সহায়তা করে এবং ঝুঁকিপূর্ণ মানুষদের অবস্থার উন্নতি করে এমন কমনসেন্সের নীতিগুলোর জন্য সমর্থন চালিয়ে যাব।"

অ্যাসেম্বলি মেজরিটি লিডার Crystal Peoples-Stokes (ক্রিস্টাল পিপলস-স্টোকস) বলেছেন, "স্টেট জুড়ে বন্দুক সহিংসতা কমে যাওয়া সরকার, আইন প্রয়োগকারী সংস্থা এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, স্থানীয় সহিংসতা-বিরোধী গোষ্ঠীগুলোর সম্মিলিত প্রচেষ্টার ফল যারা প্রতিদিন আমাদের কমিউনিটিগুলোতে কাজ করে চলেছে। আমাদের সহিংসতা-বিরোধী গোষ্ঠীগুলোর অক্লান্ত পরিশ্রমের ফলে আমাদের পাড়াগুলো এখন আরো বেশি নিরাপদ।"

অ্যাসেম্বলি সদস্য Harry Bronson (হ্যারি ব্রনসন) বলেছেন, "SNUG বাস্তবায়নের পর থেকে, রচেস্টারে সব স্তরে সহিংসতা উল্লেখযোগ্য ও লক্ষণীয়ভাবে কমে যেতে দেখা গেছে। কিন্তু আমাদের এখনও আরো কাজ করা বাকি আছে। SNUG প্রোগ্রামিং প্রভাবশালী বলে প্রমাণিত হয়েছে কারণ এটি কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোকে তাদের বিদ্যমান সম্পর্ক ও অংশীদারিত্বকে কাজে লাগিয়ে তারা যে এলাকায় কাজ করে সেখানে বন্দুক সহিংসতা কমাতে সক্ষম করে তোলে। Rochester General Hospital এবং পাথস্টোন কর্প-কে প্রদান করা এই অর্থায়ন তাদের প্রোগ্রামিং, কর্মী এবং পরিষেবাগুলোতে বিনিয়োগকে আরও এগিয়ে নিতে সক্ষম করবে যা এই গুরুত্বপূর্ণ জননিরাপত্তা উদ্যোগকে সম্প্রসারিত করতে এবং সহিংস অপরাধ কমিয়ে আনার ধারা অব্যাহত রাখতে প্রয়োজন রয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য John T. McDonald III (জন টি. ম্যাকডোনাল্ড তৃতীয়), আরপিএইচ বলেছেন, "কমিউনিটি আউটরিচ প্রোগ্রামগুলো কাজ করে, এবং আমি ট্রয়-এর ট্রিনিটি অ্যালায়েন্স-এর SNUG প্রোগ্রামগুলোতে এই বিনিয়োগ দেখে সন্তুষ্ট, যা তরুণদের এবং পরিবারগুলোকে তাদের প্রয়োজনীয় সহায়তার সাথে সংযুক্ত করার পাশাপাশি আমাদের পাড়াগুলোকে নিরাপদ রাখতে সাহায্য করবে। ক্যাপিটাল রিজিয়ন জুড়ে বন্দুক সহিংসতা কমানো এবং কমিউনিটিগুলোকে শক্তিশালী করার এই প্রমাণিত জনস্বাস্থ্য পদ্ধতি বজায় রাখার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্টেট অংশীদারদের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য Sarah Clark (সারাহ ক্লার্ক) বলেছেন, "SNUG-র স্ট্রিট আউটরিচ মডেলটি স্বীকার করে যে বন্দুক সহিংসতা প্রতিরোধের জন্য মাঠ পর্যায়ে নির্ভরযোগ্য কন্ঠস্বর থাকার এবং সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত কমিউনিটির জন্য প্রকৃত সহায়তা প্রদানের প্রয়োজন রয়েছে। Rochester General Hospital-এ SNUG-র জন্য এই অর্থায়নের মাধ্যমে, আউটরিচ কর্মী, সোশ্যাল ওয়ার্কার এবং নির্ভরযোগ্য বার্তাবাহকরা ব্যক্তি এবং পরিবারগুলো সংকটের মুহূর্তে যেখানে থাকে সেখানেই তাদের কাছে পৌঁছানো চালিয়ে যাবে, যা প্রতিশোধ প্রতিরোধ করতে, তরুণদের সুযোগের সাথে সংযুক্ত করতে এবং আমাদের পাড়াগুলোতে নিরাপত্তা ও নিরাময়ের পথ শক্তিশালী করতে সাহায্য করবে। এটি এমন একটি প্রোগ্রাম যা এর কার্যকারিতা প্রমাণ করেছে, এবং আমি নিশ্চিত করব যে আমরা SNUG-কে সফল করার জন্য প্রয়োজনীয় সম্পদগুলো সুরক্ষিত রাখতে পারি। আমাদের কমিউনিটিতে সহিংসতার চক্র কমিয়ে আনা এবং সুযোগ বাড়ানোর উদ্যোগগুলোতে বিনিয়োগ করার প্রতি প্রতিশ্রুতির জন্য গভর্নরকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য Jonathan Jacobson (জোনাথন জ্যাকবসন) বলেছেন, "দুর্ভাগ্যবশত, নিউবার্গ ও পোকেপসি শহর বন্দুক সহিংসতার সমস্যায় জর্জরিত হয়ে আছে, যেমনটা দেশের আরো অনেক এলাকায় ঘটছে। এটি তিনটি উপায়ে মোকাবেলা করতে হবে: নিউ ইয়র্ক স্টেটের বাইরে থেকে বন্দুক পাচার বন্ধ করা; রেড ফ্ল্যাগ আইনগুলোর পূর্ণ প্রয়োগসহ আমাদের বন্দুক আইনগুলো কার্যকর করা; এবং বন্দুক সহিংসতা শুরু হওয়ার আগেই তা বন্ধ করতে স্থানীয় সংস্থাগুলোর মাধ্যমে কমিউনিটিগুলোকে যুক্ত করা। আমি এই তিনটি সমাধানের প্রতি তাঁর প্রতিশ্রুতির জন্য এবং স্থানীয় পর্যায়ে সহিংসতা-বিরোধী উদ্যোগগুলোতে বিনিয়োগের জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি। আমি ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সহায়তা করতে নিউবার্গ ও পোকেপসিতে SNUG-র কাজেরও প্রশংসা করি। আমি গত বছরের বাজেটে এই প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে গর্বিত।"

আলবানি কাউন্টি এক্সিকিউটিভ Daniel P. McCoy (ড্যানিয়েল পি. ম্যাককয়) বলেছেন, "আমি গভর্নর Hochul (হোকল)-কে জননিরাপত্তার প্রতি তাঁর অব্যাহত নিষ্ঠার জন্য এবং সহিংসতা ঘটার আগেই তা প্রতিরোধের কৌশলগুলোতে বিনিয়োগ করার জন্য ধন্যবাদ জানাতে চাই। SNUG Street Outreach-এর জন্য এই সহায়তা সরাসরি নির্ভরযোগ্য কমিউনিটি অংশীদারদের হাতে সম্পদ পৌঁছে দেয়, যেমন ট্রিনিটি অ্যালায়েন্স অফ দ্য ক্যাপিটাল রিজিয়ন এবং Albany Medical Center, যারা সংকটের মুহূর্তে মানুষের কাছে পৌঁছায় এবং তাদের প্রকৃত সাহায্য ও সুযোগের সাথে যুক্ত করে। এভাবেই আমরা প্রতিরোধ, বিশ্বাস এবং টেকসই সম্পৃক্ততার মাধ্যমে নিরাপদ পাড়া গড়ে তুলি।"

এরি কাউন্টির এক্সিকিউটিভ Mark C. Poloncarz (মার্ক সি. পোলোনকার্জ) বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট জুড়ে বন্দুক সহিংসতা কমছে এবং SNUG Street Outreach-এর মতো প্রোগ্রামগুলো এর একটি বড় কারণ, যা কমিউনিটি-ভিত্তিক অংশীদারদের স্থানীয় পর্যায়ে সমস্যাটি সরাসরি মোকাবেলা করতে সক্ষম করে আরো ভালো ফলাফল অর্জন করতে, অপরাধ কমাতে এবং পাড়াগুলোকে নিরাপদ রাখতে সাহায্য করে। এই জীবন রক্ষাকারী কাজ চালিয়ে যাওয়ার জন্য এই অর্থায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমি আমাদের কমিউনিটিতে এই বিনিয়োগের জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ Ken Jenkins (কেন জেনকিন্স) বলেছেন, "SNUG-তে গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত বিনিয়োগ নিউ ইয়র্ক জুড়ে একটি পরিমাপযোগ্য পরিবর্তন আনছে, এবং আমরা ঠিক এখানেই ওয়েস্টচেস্টার কাউন্টিতে সেই প্রভাব দেখতে পাচ্ছি। মাউন্ট ভার্নন ও ইয়ঙ্কার্স-এ SNUG টিমগুলোকে সমর্থনকারী নতুন অর্থায়ন এবং Westchester Medical Center-এর জন্য অতিরিক্ত সম্পদের মাধ্যমে, এই বিনিয়োগ নির্ভরযোগ্য, কমিউনিটি-ভিত্তিক পদ্ধতিকে শক্তিশালী করে যা সহিংসতা ঘটার আগেই তা প্রতিরোধ করে এবং ঘটলে পরিবারগুলোকে সহায়তা করে। তথ্যগুলো স্পষ্ট - স্টেট জুড়ে বন্দুক সহিংসতা কমেছে, এবং এই কৌশলগুলো কাজ করছে। আমরা যখন জীবন বাঁচাতে এবং আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী করতে এই গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাচ্ছি, তখন গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্থানীয় কমিউনিটি অংশীদারদের পাশে দাঁড়াতে পেরে ওয়েস্টচেস্টার কাউন্টি গর্বিত।"

বাফেলো শহরের মেয়র Sean Ryan (শন রায়ান) বলেছেন, "এই বিনিয়োগ বাফেলোতে সহিংসতা প্রতিরোধ করতে এবং ট্রমা-পরবর্তী সময়ে পরিবারগুলোকে সহায়তা করার জন্য ইতোমধ্যে যে প্রমাণিত কাজগুলো চলছে সেগুলোকে আরো এগিয়ে নিচ্ছে। যখন মানুষ তাদের পাড়ায় বন্দুক অপরাধ কমাতে কাজ করা নেতাদের চেনে এবং বিশ্বাস করে, তখন তারা নিরাপদ বোধ করে এবং সহিংসতার চক্র ভাঙতে সাহায্য করে এমন পরিষেবাগুলোর সাথে আরও বেশি যুক্ত থাকে। জীবন রক্ষাকারী এবং আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী করার কমিউনিটি-ভিত্তিক কৌশলগুলোতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

ইয়ঙ্কার্স শহরের মেয়র Mike Spano (মাইক স্প্যানো) বলেছেন, "আমাদের শহরের জন্য এই গুরুত্বপূর্ণ SNUG বিনিয়োগ সুরক্ষিত করার জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ। এই প্রায় 1 মিলিয়ন ডলার অর্থায়ন, যা স্থানীয়ভাবে ইয়ঙ্কার্স YMCA দ্বারা পরিচালিত হবে, বন্দুক সহিংসতা প্রতিরোধ করতে, ক্ষতিগ্রস্ত এবং পরিবারগুলোকে সহায়তা করতে এবং সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা আমাদের তরুণদের জন্য প্রকৃত সুযোগ তৈরি করতে আমাদের কমিউনিটি-ভিত্তিক প্রচেষ্টাকে শক্তিশালী করবে। প্রমাণ-ভিত্তিক কৌশলগুলোর প্রতি গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত প্রতিশ্রুতি আমাদের এখানে ইয়ঙ্কার্স-এ এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিরাপদ পাড়া গড়ে তুলতে এবং জীবন বাঁচাতে সাহায্য করছে।"

রচেস্টার শহরের মেয়র Malik D. Evans (মালিক ডি. ইভান্স) বলেছেন, "সহিংস অপরাধের প্রতি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর উপরোক্ত সকল ব্যাপক পদক্ষেপের কারণে রচেস্টারের মতো কমিউনিটিগুলোতে প্রতি বছর বন্দুক সহিংসতা নাটকীয়ভাবে কমতে দেখা যাচ্ছে। আমি নিউ ইয়র্ক স্টেট SNUG প্রোগ্রামে এই অব্যাহত বিনিয়োগের জন্য কৃতজ্ঞ, যা স্বীকার করে যে বন্দুক সহিংসতা একটি সংক্রামক ব্যাধি যা এর কারণ ও দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে গভীর জ্ঞান সম্পন্ন নির্ভরযোগ্য বার্তাবাহকদের সরাসরি হস্তক্ষেপের মাধ্যমে প্রতিরোধ করা যেতে পারে।"

সিরাকিউজ শহরের মেয়র Sharon Owens (শ্যারন ওয়েনস) বলেছেন, "আমি গভর্নর Hochul (হোকল)-কে জননিরাপত্তার প্রতি তাঁর অব্যাহত প্রতিশ্রুতির জন্য এবং আমাদের

পাড়াগুলোতে প্রকৃত পরিবর্তন আনে এমন প্রোগ্রামগুলোতে বিনিয়োগ করার জন্য ধন্যবাদ জানাতে চাই। SNUG Street Outreach-এর জন্য প্রদত্ত অতিরিক্ত অর্থায়ন বন্দুক সহিংসতা কমিয়ে আনা এবং সকল বাসিন্দার জন্য নিরাপদ রাস্তা তৈরির আমাদের চলমান প্রচেষ্টার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সম্পদগুলো আমাদের কমিউনিটি-ভিত্তিক হস্তক্ষেপগুলোকে শক্তিশালী করতে, সামনের সারির আউটরিচ কর্মীদের সহায়তা করতে এবং ব্যক্তিদের সহিংসতা থেকে দূরে সরিয়ে নেওয়ার জন্য বিকল্প পথ সরবরাহ করতে সক্ষম করে তুলবে। আমরা এই জরুরি সমস্যা মোকাবেলায় স্টেটের অংশীদারিত্ব এবং অবিচল সমর্থনকে গুরুত্ব দেই এবং আমরা একটি শক্তিশালী ও নিরাপদ সিরাকিউজ গড়ে তুলতে একসঙ্গে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা করি।"

আলবানি শহরের মেয়র Dr. Dorcey Applyrs (ডাঃ ডরসি অ্যাপ্লায়ার্স) বলেছেন, "মেয়র হিসেবে আমার দায়িত্ব পালনের ক্ষেত্রে জননিরাপত্তা এবং সহিংসতা প্রতিরোধ সব সময় সবচেয়ে বেশি গুরুত্ব পেয়েছে। আলবানি জানে যে প্রতিরোধ এবং আমাদের কমিউনিটির সাথে গভীরভাবে যুক্ত ব্যক্তিদের সক্রিয় করার মাধ্যমেই স্থায়ী নিরাপত্তা শুরু হয়। এই অর্থায়ন ট্রিনিটি অ্যালায়েন্স অফ দ্য ক্যাপিটাল রিজিয়ন এবং Albany Medical Center-এর সক্ষমতাকে শক্তিশালী করে যাতে তারা সবচেয়ে ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের কাছে পৌঁছাতে পারে, সংকটের মুহূর্তে সাড়া দিতে পারে এবং ব্যক্তিদের স্থিতিশীলতা ও সুযোগের দিকে এগিয়ে যেতে সাহায্য করতে পারে। আমি এই বিনিয়োগের জন্য এবং জীবন রক্ষাকারী কমিউনিটি-চালিত সমাধানগুলোকে সমর্থন করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের অংশীদারিত্বের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর প্রতি কৃতজ্ঞ।"

ইউটিকা শহরের মেয়র Michael Galime (মাইকেল গ্যালিম) বলেছেন, ICAN-এর মাধ্যমে পাঠানো এই তহবিলের ধারাবাহিকতা আমাদের কমিউনিটিতে মূল্যবান বলে প্রমাণিত হয়েছে। বন্দুক সহিংসতার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রতিক্রিয়া ও শোক একটি বাস্তব বিষয়, এবং SNUG নিরাময় ক্ষমতা এবং বন্দুক সহিংসতা কমানোর জন্য নিরন্তর প্রচেষ্টার মাধ্যমে সেই শূন্যস্থান পূরণ করে।

নায়াগ্রা ফলস শহরের মেয়র Robert Restaino (রবার্ট রেস্টাইনো) বলেছেন, "কমিউনিটিগুলোকে বন্দুক সহিংসতার অভিশাপ থেকে মুক্তি দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রচেষ্টার সাফল্য স্টেট জুড়ে ঐতিহাসিকভাবে কম বন্দুক সহিংসতার ঘটনার মাধ্যমে নিজেই কথা বলে। কমিউনিটি মিশনস অফ নায়াগ্রা ফ্রন্টিয়ার, ইনক. এর মতো সংস্থাগুলোতে গভর্নর Hochul (হোকল)-এর বিনিয়োগ এবং নায়াগ্রা ফলস পুলিশ বিভাগের কঠোর পরিশ্রমের মাধ্যমে শহরজুড়ে পাড়াগুলো নিরাপদ হয়েছে, তবে আমরা জানি বন্দুক সহিংসতা আরও কমাতে আমাদের সম্মিলিত কাজে এখনও অনেক কিছু করা বাকি আছে।"

মাউন্ট ভার্নন শহরের মেয়র Shawyn Patterson-Howard (শন প্যাটারসন-হাওয়ার্ড) বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রথম SNUG প্রোগ্রামের সাইট ডিরেক্টর এবং কোঅর্ডিনেটর হিসেবে 10 বছর দায়িত্ব পালন করার পর, আমি ব্যক্তিগতভাবে কমিউনিটি সহিংসতা হস্তক্ষেপ কৌশলগুলোর ক্ষমতা বুঝতে পারি যা বন্দুক সহিংসতা কমানোর একটি গুরুত্বপূর্ণ প্রতিরোধ এবং হস্তক্ষেপ পদ্ধতি হিসেবে নির্ভরযোগ্য বার্তাবাহকদের ওপর নির্ভর করে। এখন, মাউন্ট ভার্নন শহরের মেয়র হিসেবে আমার ষষ্ঠ বছরে, আমি আত্মবিশ্বাসী যে SNUG হলো নিরাপদ কমিউনিটি গড়ে তোলার একটি প্রমাণিত, জীবন রক্ষাকারী মডেল। আমি জননিরাপত্তায় এবং

এই কাজটিকে সম্ভব করে তোলা মানুষ ও প্রোগ্রামগুলোতে তাঁর অব্যাহত বিনিয়োগের জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

নিউবার্গ শহরের মেয়র Torrance Harvey (টোরেন্স হার্ভে) বলেছেন, "নিউবার্গ শহর কমিউনিটি-ভিত্তিক সহিংসতা প্রতিরোধে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য গভর্নর Hochul (হোকল)-এর কাছে কৃতজ্ঞ। আমাদের শহরে SNUG প্রোগ্রামিংকে সমর্থন করার জন্য প্রদান করা 917,953 ডলারের আউটরিচ প্রচেষ্টাকে শক্তিশালী করবে, সহিংসতার চক্রকে রোধ করবে এবং সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা বাসিন্দাদের অর্থবহ সহায়তা ও সুযোগের সাথে যুক্ত করবে। এই অর্থায়ন নিরাপদ পাড়া, শক্তিশালী পরিবার এবং আমাদের কমিউনিটির উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় নেতাদের মধ্যে একটি অব্যাহত অংশীদারিত্বের প্রতিফলন ঘটায়।"

ট্রয় শহরের মেয়র Carmella R. Mantello (কারমেলা আর. মন্টেলো) বলেছেন "আমরা SNUG প্রোগ্রামে গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত বিনিয়োগ এবং ট্রয়-এর মতো কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য তাঁর প্রতিশ্রুতির প্রশংসা করি। গত দুই বছরে, আমাদের শহর পূর্ববর্তী পাঁচ বছরের গড় তুলনায় বন্দুক সহিংসতায় নাটকীয় 53% হ্রাস পেয়েছে - যা শক্তিশালী অংশীদারিত্ব এবং প্রতিরোধে স্মার্ট বিনিয়োগের প্রতিফলন ঘটানো একটি প্রকৃত অগ্রগতি। ট্রিনিটি অ্যালায়েন্স অফ দ্য ক্যাপিটাল রিজিয়ন-এর ট্রয় শাখার জন্য এই প্রায় 900,000 ডলারের নতুন অর্থায়ন আউটরিচ প্রচেষ্টাকে শক্তিশালী করবে, হস্তক্ষেপ পরিষেবাগুলো সম্প্রসারিত করবে এবং আমাদের এই গতি বজায় রাখতে সাহায্য করবে। একসাথে, আমরা ট্রয়কে আরও নিরাপদ, পরিচ্ছন্ন রাখতে এবং সঠিক দিকে এগিয়ে নিতে মনোনিবেশ করছি।"

হেম্পস্টেড গ্রামের মেয়র Waylyn Hobbs (ওয়েলিন হবস) বলেছেন, "গভর্নর Hochul (হোকল) জননিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রেখেছেন এবং আমাদের কমিউনিটিগুলোকে নিরাপদ করার জন্য তাঁর প্রতিশ্রুতির জন্য আমি কৃতজ্ঞ। SNUG Street Outreach প্রোগ্রামটি একটি কমিউনিটি ভিত্তিক পদ্ধতির মাধ্যমে বন্দুক সহিংসতা কমাতে সক্ষম বলে প্রমাণিত হয়েছে। ফ্যামিলি অ্যান্ড চিলড্রেন'স অ্যাসোসিয়েশন-এর মাধ্যমে হেম্পস্টেডে এই বিনিয়োগ আমাদের আইন প্রয়োগকারী সংস্থাকে অপরাধ কমাতে এবং শেষ পর্যন্ত জীবন বাঁচাতে সাহায্য করবে। আমাদের কমিউনিটিগুলোতে এই বিনিয়োগের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি যা প্রকৃত ফলাফল বয়ে আনে।"

ব্যাবিলন শহরের সুপারভাইজার Rich Schaffer (রিচ শ্যাফার) বলেছেন, "এ ধরনের বিনিয়োগ কমিউনিটি ভিত্তিক সমাধানগুলোকে সমর্থন করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যা মানুষের জীবনে প্রকৃত পরিবর্তন আনে। ওয়াইনড্যাঞ্চ ইকোনমিক অপরচুনিটি কাউন্সিল-কে প্রদান করা এই অর্থায়ন ঠিক এখানেই ব্যাবিলন শহরে আউটরিচ প্রচেষ্টা সম্প্রসারণ করতে, ব্যক্তিদের গুরুত্বপূর্ণ সম্পদের সাথে সংযুক্ত করতে এবং সহিংসতা প্রতিরোধ কাজকে শক্তিশালী করতে সাহায্য করবে। জননিরাপত্তা বৃদ্ধি এবং নিরাপদ কমিউনিটি গড়ে তোলার জন্য স্থানীয় অংশীদারদের সাথে কাজ করার বিষয়ে গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত প্রতিশ্রুতির আমি প্রশংসা করি।"

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস স্টেটের ফৌজদারি বিচার ব্যবস্থার সর্বস্তরে গুরত্বপূর্ণ সহায়তা প্রদান করে থাকে, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থা এবং ফৌজদারি বিচার ব্যবস্থার অন্যান্য পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান; কোনো আইন প্রয়োগকারী সংস্থার স্বীকৃতি অর্জনের কর্মসূচি তত্ত্বাবধান করা; স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার ব্যবহার করা ব্রেথঅ্যালাইজার এবং গতিসীমা সংক্রান্ত আইন প্রয়োগের জন্য ব্যবহৃত অন্যান্য সরঞ্জাম সঠিকভাবে পরিচালনা করার বিষয়টি নিশ্চিত করা; ক্রিমিনাল জাস্টিস গ্র্যান্টের তহবিল ব্যবস্থাপনা; স্টেটজুড়ে অপরাধ ও কর্মসূচির ডাটা বিশ্লেষণ করা; গবেষণা সহায়তা প্রদান করা; কাউন্টি প্রোবেশন বিভাগ এবং কারারুদ্ধকরণ কর্মসূচির বিকল্পসমূহের তত্ত্বাবধান করা; এবং তরুণদের জন্য ন্যায়বিচার বিষয়ক নীতিমালা সমন্বয় করা, প্রভৃতি অন্তর্ভুক্ত রয়েছে। DCJS-কে ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram), ও লিংকডইনে (LinkedIn) অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন